গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

**শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটি'র ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | খোন্দকার আজিম আহমেদ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ০৮ জানুয়ারি ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে **'নৈতিকতা কমিটির সভা'** আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এছাড়াও এ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায়সমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্র:নং | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ১ | ২৯ অক্টোবর ২০২৪ | ১৪টি | ১৪টি | ১০০% |

অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ:** সভাপতি এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কিছু অন্তরায় লক্ষ্য করা হয়েছে তা নিয়ে আলোচনা করা হলো।<br>(ক) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে ২০২৩-২৪ অর্থবছর থেকে শুরু হয়ে সংস্কার ও সুশাসনমূলক বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার অংশ হিসেবে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) NIS Online Software nis.cabinet.gov.bd মাধ্যমে দাখিলের বিষয়ে উল্লেখ রয়েছে। তবে ২০২৪-২৫ অর্থবছরের বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ও এর আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের শুদ্ধাচার কৌলশ কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন nis.cabinet.gov.bd সফটওয়্যারের মাধ্যমে দাখিল করা সম্ভব হয়নি। এ বিষয়ে গত ২৭ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে ০৫.৪৩.০০০০.০১২.০১.০০৪.২৪.৬১৪ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয় কিন্তু এ পর্যন্ত কোন প্রতিউত্তর পাওয়া যায়নি। তবে ডি-নথির মাধ্যমে গত ০৯ অক্টোবর ২০২৪খ্রি. তারিখের ০৫.৪৩.০০০০.০১২.০১.০০৪.২৪.৫৩৬; নম্বর স্মারকে ২০২৪-২৫ অর্থবছেরের ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়েছে। | ১। nis.cabinet.gov.bd সফটওয়্যারে প্রমাণকসমূহ দাখিল/আপলোডের অনুমতি প্রদানের জন্য পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগের অবগতির জন্য পত্র প্রেরণ করতে হবে।<br><br>২। ২০২৪-২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন হার্ডকপিতে/ডি-নথিতে প্রমাণকসমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>সাধারণ শাখা<br>এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| | (খ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশজনের (Stakeholders) অংশগ্রহণে সভা ৩য় ত্রৈমাসিকে এ কার্যালয়/আওতাধীন জেলা/ উপজেলা পর্যায়ের কার্যালয়ে আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ১। ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১টি অংশীজনের সভা আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা/ বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, এ কার্যালয় |
| | (গ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ৩য় ত্রৈমাসিক এ আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা, এ কার্যালয় |
| | (ঘ) বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সুচক ১.৫ অনুযায়ী বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর কর্মচারীদের মটরসাইকেল সেড নির্মাণ কার্যক্রম এর কোন অগ্রগতি হয়নি। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ এর আলোকে প্রশিক্ষণ আয়োজনসহ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সকল ব্যয় নির্বাহের জন্য কোড নম্বর ৩২৫৭১০৬ এ বরাদ্দ চেয়ে ২১/১১/২০২৪ খ্রি. তারিখের ৮৯৪ নম্বর স্মারকে জন প্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। তারপরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার ২৮/১১/২০২৪খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১১৫.২০.০০৫.১৬.৩৭১ নম্বর স্মারকে এ কার্যালয়ে পত্র প্রেরণ করেন। | ১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার ২৮/১১/২০২৪খ্রি. তারিখে প্রেরিত ৩৭১ নম্বর স্মারক পত্রের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাব ও নেজারত শাখা এ কার্যালয়। |
| | (ঙ) আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>২। ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ১৬-৩১ জানুয়ারির মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা এ কার্যালয়, |
| | (চ) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ১.৫ সূচকে ৩১/১২/২০২৪ লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের রাজশাহী এর প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিতকরণ সম্পন্ন হয়েছে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর কর্মচারীদের জন্য মটরসাইকেল সেড নির্মাণ কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর কর্মচারীদের জন্য মটরসাইকেল সেড নির্মাণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, হিসাব ও নেজারত শাখা, এ কার্যালয় |
| ২. | (ক) এ কার্যালয়ের ২.২ সূচক অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। ১ম ত্রৈমাসিক এ ১০% লক্ষ্যমাত্রা থাকলে ও তা বাস্তবায়ন হয়েছে মাত্র ২.২০%। ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা রয়েছে ৩০% কিন্তু বাস্তবায়ন করা সম্পন্ন হচ্ছেনা যা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অন্তরায় হিসেবে বিচেনা করা হচ্ছে। ৩য় ত্রৈমাসিক ও ৪র্থ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাব ও নেজারত এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| | (খ) সভাপতি, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), পরিচালক (স্থানীয় সরকার) এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) কে নির্দেশনা প্রদান করেন। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণপূর্বক ত্রৈমাসিকভিত্তিতে সাধারণ শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা নিকট প্রেরণ করতে হবে। | ১। পরিচালক, স্থানীয় সরকার,<br>২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), (উন্নয়ন ও আইসিটি) এ কার্যালয়<br>৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এ কার্যালয় |
| ৩. | বিবিধ: শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে এ কার্যালয় ও জেলা পর্যায় নিয়মিত মনিটরিং ও সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে বাস্তবায়ন ফিডব্যাক প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এ কার্যালয় |

পরিশেষে সকল ক্ষেত্রে নৈতিকতা চর্চার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১/২৫

খোন্দকার আজিম আহমেদ এনডিসি
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrzjshahi@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

স্মারক নম্বর ০৫.৪৩.০০০০.০১২.০১.০০৪.২৪.১৮

তারিখ: ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৫। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
৬। সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৭। সিনিয়র সহকারী কমিশনার (মাঠ প্রশাসন শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮। সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন ও আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯। সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
১০। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
১১। সিনিয়র সহকারী কমিশনার (হিসাব ও নেজারত শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

১৩/১/২৫

খোন্দকার আজিম আহমেদ এনডিসি
বিভাগীয় কমিশনার